

গমের শীষ ব্লাইট রোগ

শীষ ব্লাইট গমের একটি গুরুত্বপূর্ণ রোগ।

রোগের কারণ : *Bipolaris sorokiniana* নামক বীজবাহিত ছত্রাকের আক্রমণে এ রোগ হয়।

বিস্তার : শীষ বের হওয়ার সময় উষ্ণ ও আর্দ্র আবহাওয়ায় এ রোগের আক্রমণ হয়।

রোগের লক্ষণ :

- ✓ সাধারণত শীষের একটি বা দুইটি স্পাইকলেটে আক্রমণ করে।
- ✓ আক্রান্ত স্পাইকলেট পরবর্তীতের কালো রং ধারণ করে।
- ✓ আক্রমণের মাত্রা বেশি হলে স্পাইকলেটের ভিতর দানা গঠন হয়না বা দানা শূন্য হয়।।



ছবি : গমের শীষ ব্লাইট রোগে আক্রান্ত স্পাইকলেট

দমন ব্যবস্থাপনা :

- ✓ উপযুক্ত সময় (১৫-৩০ নভেম্বর) বীজ বপন করা।
- ✓ বীজ বপনের পূর্বে কার্বোজিন (১৭.৫%) + থিরাম (১৭.৫%) গ্রুপের ছত্রাকনাশক দিয়ে যেমন : প্রোভ্যাক্স-২০০ ডব্লিউপি (৩গ্রাম/কেজি) দিয়ে বীজ শোধন করে নিতে হবে।
- ✓ শীষ বের হওয়ার সময় একবার এবং দুই সপ্তাহ পর আরও একবার প্রিপিকোনাভল গ্রুপের ছত্রাকনাশক যেমন- টিল্ট ২৫০ ইসি অথবা টেবুকোনাভল গ্রুপের ছত্রাকনাশক যেমন- ফলিকুর ২৫০ ইসি প্রতি লিটার পানিতে ০.৫ মিলি হারে মিশিয়ে গাছে স্প্রে করতে হবে।

ও তথ্যের জন্য:

পরিচালক উদ্ভিদ সংরক্ষণ উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা-১২১৫। E-mail: dppw@dae.gov.bd

বিস্তারিত জানার জন্য আপনার নিকটস্থ উপসহকারী কৃষি অফিসার অথবা উপজেলা কৃষি অফিসে যোগাযোগ করুন।